

তারিখ
 পৃষ্ঠা

বাউফলে উপবৃত্তির টাকা নিয়ে শিক্ষা অফিসারের ব্যাপক দুর্নীতি

বাউফল উপজেলা সর্বোদ্যোগ : প্রাথমিক বিদ্যালয়ের উপবৃত্তির টাকা নিয়ে দুর্নীতির এক চাঞ্চল্যকর তথ্য পাওয়া গেছে। এ দুর্নীতির অন্যতম নায়ক হচ্ছে ইব্রাহিম মিয়া ও তার অন্যতম সহযোগী মদনপুর বেগম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এস এম রেজাউল করিম। এই রেজাউল করিম সম্মতি এক চিঠির মাধ্যমে সরকারী শিক্ষা অফিসার ইব্রাহিম মিয়ার বরাতে উপবৃত্তি আও প্রতিটি বিদ্যালয়ের কাছে ১০০ টাকা করে চাঁদা চেয়ে পাঠিয়েছে। চিঠিতে পরবাক হুমকিও দেয়া হয়েছে একথা বলে, 'না দিলে নিষেধ দিবেন'।

জানা গেছে, মাত্র ক'দিন আগে উপবৃত্তি প্রদানের সময় প্রতিটি বিদ্যালয় থেকে ১০০ টাকা করে কেটে দেবেছে। তার মধ্যে ৫০ টাকা কটা হাজিরি ব্যাংক কর্মকর্তাদের জন্য সাকী ৫০ টাকা সহকারী শিক্ষা অফিসারের জন্য। তারপর আরও ১০০ টাকা চাওয়া হয়েছে সহকারী শিক্ষা অফিসার ইব্রাহিম মিয়ার জন্য। ইব্রাহিম মিয়া এ তথ্য কাজ হবহামশাই করে থাকে। আর এ কাজে তার দালাল হিসেবে কাজ করে প্রধান শিক্ষক রেজাউল করিম।

পর্যবেক্ষক মহোদয় এ তথ্য দুর্নীতিবাজ অফিসারদের বিরুদ্ধে শিক্ষা বিভাগে গৃহীত এ মহতী পদক্ষেপ চরম হুমকির সম্মুখীন হয়ে পড়বে।

বাউফলে এখন উপজেলা শিক্ষা অফিসারের পদ লুপ্ত থাকায় ইব্রাহিম মিয়াই পরবাকভাবে থানা শিক্ষা অফিসার হিসেবে এ দুর্নীতি শুধু তার দ্বাষ্টাধেই করতে না বসে পুরো বাউফল উপজেলায়ই করতে বলে জানা গেছে। দুর্নীতিবাজ এ অফিসারের জয়ে শিক্ষকগণ সব সময় তটস্থ থাকেন বলে অভিযোগ আছে।